বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ
সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

যোগাযোগ বিভাগ
ডায়রী নম্বরঃ ৩১২
তারিখঃ ১৯/১০/২১

বিষয়: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১) সভার কার্যবিবরণী।

সভাপতি : এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
তারিখ : ৩০-০৯-২০২১, সকাল ১০: ০০ ঘটিকা
স্থান : সদর দপ্তর, সম্মেলন কক্ষ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় করে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	আলোচনা/সিদ্ধান্ত
১.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	এফএসআর বিভাগে গত ১৫/০৭/২০২১, ১৬/০৭/২০২১ ও ১৯/০৭/২০২১ তারিখ যথাক্রমে ইউএস-বাংলা এয়ারলাইন্স, বিমান এবং নভোএয়ার-এর সাথে তারিখ স্টেকহোল্ডার সভা অনুষ্ঠিত হয়েছে।	স্টেকহোল্ডারদের সাথে সভা আয়োজন অব্যাহত রাখতে হবে। হশাআবি-তেও স্টেকহোল্ডার সভা আয়োজন করতে হবে। বাস্তবায়নকারী: নির্বাহী পরিচালক, হশাআবি/ পরিচালক (এটি)
২.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	গত ২১ ও ২৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ২৩ (তেইশ) জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	প্রতি মাসে কর্মকর্তা-কর্মচারীগণকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক (প্রশাসন)
৩.	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিলাম ও বিনষ্টিকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা)	গত ০৪/০৮/২০২১ তারিখ হতে সিএএবি সদর দপ্তর এবং ০৭/০৮/২০২১ তারিখ হতে আবাসিক এলাকায় মশক নিধনসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে।	আবাসিক এলাকায় মশক নিধনসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রাখতে হবে। বাস্তবায়নকারী: সংশ্লিষ্ট দপ্তর প্রধান
৪.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	গত ০৮/০৬/২০২১ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) অগ্রগতি প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১৫/১০/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।	যথাসময় প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোডের বিষয়টি নিশ্চিত করতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক (প্রশাসন) ও পরিচালক (সিএনএস)
৫.	আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	কর্মপরিকল্পনা অনুযায়ী গত ১০/০৬/২০২১ তারিখ ফিডব্যাক সভা নির্ধারিত ছিল। কিন্তু কোভিড পরিস্থিতি ও পরবর্তীতে নিয়োগ কার্যক্রম চলমান থাকায় কর্মশালা আয়োজন করা সম্ভব হয় নি।	কর্মপরিকল্পনা অনুযায়ী পরবর্তী ফিডব্যাক সভা আগামী ৩১/১০/২০২১ তারিখের মধ্যে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক (প্রশাসন)
৬.	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয়	গত ২৪/০৮/২০২১ তারিখ ২০২১-২২ অর্থবছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রস্তুত করে তা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত ক্রয়-পরিকল্পনা ৩১/০৩/২০২২ তারিখের পূর্বেই চূড়ান্তকরণের লক্ষ্যে সকল বিভাগ/দপ্তর স্ব-স্ব সংশোধনী প্রস্তাব

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	আলোচনা/সিদ্ধান্ত
	পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ		অক্টোবর, ২০২১ মাসের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করবে। বাস্তবায়নকারী:সকল বিভাগ/দপ্তর প্রধান/পরিচালক (পরিঃ, অঃ, প্রঃ, উন্নয়ন ও মনিটরিং
৭.	প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারে ১৬টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও তন্মধ্যে একটি প্রকল্প স্থগিত হয়ে যাওয়ায় এবং অপর একটি প্রকল্পের টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতের কাজ চলমান থাকায় ১৪টি প্রকল্পের বাস্তবায়ন কমিটির সভা গত ২৫/০৯/২০২১ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।	প্রতি কোয়ার্টারে নির্ধারিত সময়ের মধ্যে PIC সভা আয়োজনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক (পরিঃ, অঃ, প্রঃ, উন্নয়ন ও মনিটরিং)
৮.	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বর্তমান অর্থবছরে সেপ্টেম্বর, ২০২১ মাস পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৬.৫৫% বাস্তবায়িত হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি অর্থবছরের মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচী শতভাগ বাস্তবায়নের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নকারী: দপ্তর/ইউনিট প্রধান
৯.	চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো ওয়্যারহাউজ ব্যবহার চার্জ অনলাইনে ও মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে গ্রহণ করা	এ বিষয়ে পরিচালক (অর্থ)-কে আহ্বায়ক করে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির ঢাকাস্থ সদস্যবৃন্দ গত ০৭/০৯/২০২১ তারিখে চট্টগ্রাম সফর করেছেন। পূর্ণাঙ্গ কাজটি সম্পন্নের লক্ষ্যে তিনটি পর্যায়ের মধ্যে বর্তমানে প্রথম পর্যায়ে ১৯/০৯/২০২১ তারিখ হতে ২৮/১০/২০২১ তারিখের মধ্যে টেন্ডার ডাটাশীট ও স্কোপ অব ওয়ার্ক প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে কাজটি বাস্তবায়নের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক (অর্থ)
১০.	সকল ক্রয়/পূর্ত কাজে আইন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করা	বেবিচকের সকল ক্রয়/পূর্ত কাজে আইন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে।	বেবিচকের সকল ক্রয়/পূর্ত কাজে আইন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নকারী: ক্রয়কারী ইউনিট
১১.	নন-শিডিউল ফ্লাইটের ওভারফ্লাইং চার্জ ম্যানুয়েল পদ্ধতিতে সম্পন্নকরণের সময় হ্রাস ও হয়রানি বন্ধের জন্য অটোমেশনকরণ	নন-শিডিউল ফ্লাইটের ওভারফ্লাইং চার্জ অটোমেশনের লক্ষ্যে EoI প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। সেমসু'র মাধ্যমে কার্যক্রমটি সম্পন্ন করা হবে।	বর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে নন-শিডিউল ফ্লাইটের ওভারফ্লাইং চার্জ অটোমেশনের কার্যক্রমটি বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নকারী: নির্বাহী পরিচালক, সেমসু/ পরিচালক (এটি)
১২.	গ্রাহকসেবার ক্ষেত্রে সেবা গ্রহণের সময় হ্রাস, স্বচ্ছতাভিত্তিক বাস্তবায়ন ও হয়রানি রোধের জন্য Height Clearance বিষয়ক মোবাইল অ্যাপস চালুকরণ	Height Clearance বিষয়ক মোবাইল অ্যাপস চালুকরণের লক্ষ্যে কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক গত ০২/০৯/২০২১ তারিখ Video Conferencing-এর মাধ্যমে মন্ত্রণালয়কে অগ্রগতি সম্পর্কে অবহিত করা হয়েছে। আশা করা যায় চলতি অর্থবছরের মধ্যে অ্যাপসটি চালু করা সম্ভব হবে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি অর্থবছরের মধ্যে কাজটি সম্পন্নকরণের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক (এটিএম)
১৩.	কর্মকর্তা-কর্মচারীবৃন্দের বার্ষিক শুদ্ধাচার পুরস্কার অনলাইন ব্যবস্থার মাধ্যমে নির্ধারণ ও স্বচ্ছতা নিশ্চিতকরণ	২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা প্রদানের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের মূল্যায়নের জন্য CAAB ICT e-governance Project কর্তৃক পরিচালিত SouthTech Ltd-এর Software-এর মাধ্যমে পৃথক মডিউল তৈরি করা হয় এবং তার ভিত্তিতে অনলাইনে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। তবে, প্রাপ্ত ফলাফল পর্যালোচনা করে উক্ত শুদ্ধাচার পুরস্কারের জন্য নির্বাচন প্রক্রিয়া সঠিকভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা যাচাই করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়।	অবিলম্বে একটি কমিটি গঠনের মাধ্যমে শুদ্ধাচার পুরস্কারের জন্য অনুসৃত নির্বাচন প্রক্রিয়ার সঠিকতা নির্ধারণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী: পরিচালক (প্রশাসন)

২.০ পরিচালক (প্রশাসন) বলেন যে, বিশ্বব্যাপী করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি মেনে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১) বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তাই কিছু কিছু ক্ষেত্রে ১০০% বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

৩.০ আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬.১০.২১

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০
ই-মেইল-chairman@caab.gov.bd

নং- ৩০.৩১.০০০০.২১১.৫২.০০১.১৯- ২৭৮৭ তারিখ : ০৮ /১০/২০২১

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য -------------------------------- (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৫। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৬। পরিচালক ------------------------------- (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৭। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
০৮। পরিচালক, সিএটিসি, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ------------------------------- (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১৪১২ (অফিস)
ই-মেইল-dadmin@caab.gov.bd